দৈনিক
ইত্তেফাক

তারিখ ..13 MAR 2016.......
...৪... কলাম...১.........

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গবেষণায় বার্ষিক বরাদ্দ ৫ লাখ টাকা!

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

দেশের মধ্যপূর্বাঞ্চলের একমাত্র বিশ্ববিদ্যালয়ে গবেষণার জন্য মাত্র পাঁচ লাখ টাকা বার্ষিক বরাদ্দ করা হয়েছে। গবেষণার অর্থ বরাদ্দ সম্পর্কে বিশ্ববিদ্যালয়টির অর্থ ও হিসাব বিভাগের সহকারী পরিচালক মো. নাসির উদ্দিন নিশ্চিত করে জানান, গবেষণায় বরাদ্দ পাঁচ লাখ টাকা, ২০১৫-১৬ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের মোট ১৮ কোটি ৯৫ লাখ টাকার অনুন্নয়ন বাজেটের দশমিক দুই ছয় শতাংশ। চলতি অর্থবছরে এ টাকা মোট ২৫ জন শিক্ষককে বরাদ্দ দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের একাধিক জ্যেষ্ঠ শিক্ষকের সাথে কথা বললে তারা এ প্রতিবেদককে জানান, গবেষণার জন্য তাদের যে বরাদ্দ দেয়া হয় তাতে একটি ভাল গবেষণা সম্পন্ন করা সম্ভব হয় না। নামমাত্র গবেষণার জন্য এ বরাদ্দ রাখা হয়েছে।

গবেষণার জন্য এ বিশ্ববিদ্যালয়ে বরাদ্দ অর্থে গবেষণা কিভাবে সম্ভব এমন প্রশ্নে বিশ্ববিদ্যালয়টির নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক এন. এম. রবিউল আউয়াল চৌধুরী বলেন, 'শিক্ষকদের গবেষণার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তা খুবই অপর্যাপ্ত। এ টাকায় গবেষণার নামে প্রহসন করা হচ্ছে। একটি বিশ্ববিদ্যালয়ে গবেষণার জন্য শিক্ষকদের এ অর্থ কি ভাল গবেষণার সুযোগ করে দিচ্ছে? সাম্প্রতিক সময়ে শিক্ষকদের গবেষণা নিয়ে তর্ক-বিতর্ক হচ্ছে। রসদের ঘাটতি থাকলে শিক্ষকরা গবেষণা করবেন কিভাবে।'

এ বিষয়ে একই মত প্রকাশ করে বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, এ বিশ্ববিদ্যালয়ে আগে গবেষণার জন্য অর্থ বরাদ্দ ছিল না। প্রথমে তিন লক্ষ টাকা এখন তা বাড়িয়ে পাঁচ লাখ টাকা করা হলেও গবেষণার জন্য তা যথেষ্ট নয়।